

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষক সম্বর্ধনা শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার উপর গুরুত্ব আরোপ

চট্টগ্রাম অফিস ৥ গত ৮ই জুন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে এক সম্বর্ধনা অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান প্রধান অতিথির বক্তৃতা দানকালে বলেন, শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায়, শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের মধ্যে সুসম্পর্ক রক্ষা ইত্যাদি উভয়ের জ্ঞানের পরিধি বৃদ্ধি ও সেশন জট নিরগনের ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করিবে। বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগ শিক্ষা কার্যক্রমে যে উৎকর্ষতা সাধন করিয়াছে তাহাতে বিভাগীয় শিক্ষকদের ইতিবাচক ভূমিকা প্রশংসনীয় এবং বিশ্ববিদ্যালয়ে সকল বিভাগের জন্য ইহা অনুকরণীয় দৃষ্টান্ত। দর্শন বিভাগে নবাগত শিক্ষক ডঃ এম শফিকুল আলিম ও ডঃ এ এইচ এম আব বকর এবং অন্য ৪ জন পিএইডি ডিগ্রি

অর্জনকারী শিক্ষকের সম্বর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দর্শন বিভাগের চেয়ারম্যান মনসুর উদ্দিন আহমদ। কলা অনুষদের ১ নম্বর গ্যালারীতে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সেলর ডঃ আব ইউসুফ এবং সম্বর্ধনাপ্রাপ্ত শিক্ষকগণ।